



১১ নভেম্বর, ২০১৫

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিচালন পদ্ধতি সম্পূর্ণ আইটি ভিত্তিক হচ্ছে

ই-ফাইলিং কর্মশালায় উপাচার্য ড. হারুন-অর-রশিদ

আজ ১১/১১/১৫ তারিখ (বুধবার) জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে অফিস প্রধান ও ডেপুটি পর্যায়ের কর্মকর্তাদের ই-ফাইলিং বিষয়ে দিনভর এক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির ভাষণে মাননীয় উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, “একটি আধুনিক গতিশীল সেবামুখী প্রতিষ্ঠান হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয়কে গড়ে তোলার লক্ষ্যে এর পরিচালন পদ্ধতিকে টেলে সাজানো হচ্ছে। এরই অংশ হিসেবে ৬টি আঞ্চলিক কেন্দ্রে প্রশাসনিক কার্যক্রম বিকেন্দ্রীকরণ, ৫০ বছর অগ্রগতি মাস্টারপ্লান প্রণয়ন, ওয়ানস্টপ সার্ভিস সেন্টার চালু, অনলাইনে সকল ভর্তি কার্যক্রম সম্পাদন, পরীক্ষা ব্যবস্থাপনায় টিআইএমএস সফটওয়্যার তৈরি, অনলাইনে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র প্রদান, অনলাইনে কলেজ বদলির আবেদন, সোনালী সেবার মাধ্যমে শিক্ষকদের একাউন্টে সম্মানীর বিল পরিশোধ, ই-টেভারিং ইত্যাদি ব্যবস্থা ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয় হচ্ছে বাংলাদেশের প্রথম পাবলিক বিশ্ববিদ্যালয় যেখানে সর্বপ্রথম ই-ফাইলিং চালু হতে যাচ্ছে। এ ব্যবস্থা সম্পূর্ণ চালু হওয়ার পর ফাইল চালাচালির আর আবশ্যিকতা থাকবে না। এর ফলে দীর্ঘসূত্রিতার অবসান ঘটবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তা ও সাব-টেকনিক্যাল অফিসারদের অতি দ্রুততম সময়ের মধ্যে ই-ফাইলিং সম্বন্ধে প্রশিক্ষণ গ্রহণ করে অফিস কর্মে তা প্রয়োগ করতে হবে।”

কর্মশালায় প্রশিক্ষক হিসেবে প্রো-উপাচার্য প্রফেসর ড. মুনায আহমেদ নূর ই-ফাইলিং ব্যবহার পদ্ধতির বিভিন্ন দিক মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে তুলে ধরেন। প্রশিক্ষণার্থী ছাড়াও প্রো-উপাচার্য প্রফেসর ড. মোঃ আসলাম ভূঁইয়া (প্রশাঃ), ট্রেজারার অধ্যাপক মোঃ নোমান উর রশীদ, রেজিস্ট্রার ও অন্যান্যরা উপস্থিত ছিলেন।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়